অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন বিস্তৃত মেরামত কাজ শেষ হওয়ার পর বিয়ার মাউন্টেন স্টেট পার্কের মুখ্য ফ্যাসিলিটি শ্রম দিবসের সপ্তাহান্তে পুনরায় খুলে দেওয়া হবে

ট্রেইলসাইড জাদুঘর ও চিড়িয়াখানা, বিয়ার মাউন্টেন ইন এবং পার্কিন্স মেমোরিয়াল ড্রাইভ শনিবার, 2 সেপ্টেম্বর খুলবে

পার্কিং এবং ট্রেইলে যাওয়া সীমিত থাকছে যেহেতু অন্যান্য মেরামত চলছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 9 এবং 10 জুলাইয়ের বড় ঝড় সৃষ্ট বন্যার কারণে হওয়া ক্ষয়ক্ষতির বিস্তৃত মেরামতের পর জনপ্রিয় বিয়ার মাউন্টেন স্টেট (Bear Mountain State Park) পার্ক ফ্যাসিলিটিগুলি শ্রম দিবস সপ্তাহান্তে খুলে দেওয়া হবে। বিয়ার মাউন্টেনের ভবন ও ফ্যাসিলিটিগুলিতে পানির সরবরাহ করা পানি পরিশোধনাগার মেরামতসহ বিস্তৃত একটি পুনরুদ্ধার প্রয়াসের পর, ট্রেইলসাইড জাদুঘর ও চিড়িয়াখানা (Trailside Museums and Zoo), বিয়ার মাউন্টেন ইন (Bear Mountain Inn) এবং পার্কিন্স মেমোরিয়াল ড্রাইভ (Perkins Memorial Drive) শনিবার, 2 সেপ্টেম্বর খুলবে।

"জুলাইয়ের ঝড়ের বিধ্বংসী শক্তি থেকে পুনরুদ্ধারের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট অসাধারণ অগ্রগতি করেছে, ঝড়টি হাডসন ভ্যালির কিছু অংশে অল্প কয়েক ঘণ্টার মধ্যে আট ইঞ্চির বেশি বৃষ্টিপাত ঘটায় " **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীরা যাতে এইসব জনপ্রিয় গন্তব্য আবার উপভোগ করতে পারে সেজন্য অতি গুরুত্বপূর্ণ মেরামত সম্পূর্ণ করে এই শ্রম দিবস সপ্তাহান্তে বিয়ার মাউন্টেন স্টেট পার্ক এবং বিখ্যাত বিয়ার মাউন্টেন ইন পুনরায় খুলবে বলে আমি আনন্দিত।"

পার্কের পিকনিকের স্থান এবং হেসিয়ান লেক লুপ ট্রেইল 23 আগস্ট পুনরায় খুলে দেওয়া হয়। শ্রম দিবস সপ্তাহান্তের জন্য খোলা থাকা অন্যান্য ফ্যাসিলিটির মধ্যে রয়েছে:

- হেসিয়ান লেক প্যাডল বোট ভাড়া নেওয়া
- বিয়ার মাউন্টেন ক্যারোজেল
- বাথরুম এবং খাওয়ার পানির ফাউন্টেন
- ট্রেইলসাইড জাদুঘর এবং চিড়িয়াখানা - শনিবার খুলবে

- সাউথ এন্ট্রেন্স রোড – US 9W এবং বিয়ার মাউন্টেন সার্কেলের মধ্যে – **শনিবার খুলবে**
- প্যালিসেডস ইন্টারস্টেট পার্কওয়ে এক্সিট 19 থেকে বিয়ার মাউন্টেন সার্কেল পর্যন্ত সেভেন লেকস ড্রাইভ - **শনিবার খুলবে**
- পার্কিন্স মেমোরিয়াল ড্রাইভ - **যানবাহন চলাচলের জন্য শনিবার খুলবে**
- বিয়ার মাউন্টেন ইন গেস্ট রুম, রেস্টুরেন্ট, বার, হাইকার্স ক্যাফে, এবং স্পা সব কিছু **শনিবার থেকে** খোলা থাকবে। আরো তথ্য পাওয়া যাবে এখানে: https://visitbearmountain.com/

পার্কিং সীমিতই থাকছে। বেড়াতে আসা মানুষের উচিত আগে থেকে পরিকল্পনা করে নেওয়া, যার মধ্যে বিয়ার মাউন্টেনের ধারণক্ষমতা অতিক্রম করলে বিকল্প পরিকল্পনাও থাকবে।

পার্কের হাইক করার অনেক ট্রেইলও ক্ষতিগ্রস্ত হয়েছে এবং আগামী মাসগুলিতে মেরামত কাজ সম্পূর্ণ হওয়ার আগ পর্যন্ত বন্ধই থাকবে। মেরামতের সাথে সাথে বিয়ার মাউন্টেনের মানচিত্র চলমান ভিত্তিতে আপডেট করা হতে থাকবে যাতে বেড়াতে আসা মানুষ তাদের প্রিয় হাইকের অবস্থা সম্পর্কে জানতে পারে। মানচিত্রের সর্বশেষ সংস্করণ এখানে দেখা যাবে। বিয়ার মাউন্টেন পুল (Bear Mountain Pool) বাথহাউজটিও ক্ষতিগ্রস্ত হয়েছে এবং 2024 মৌসুমে এটিকে পুনরায় খুলে দেওয়ার পরিকল্পনা রয়েছে।

ঝড়টি পুরো বিয়ার মাউন্টেনে এবং হ্যারিম্যান স্টেট পার্কের (Harriman State Park) কিছু অংশে ব্যাপক বিস্তৃত ক্ষয়ক্ষতি করছে যার মধ্যে আছে এমব্যাঙ্কমেন্ট ধ্বসে পড়া, পাথর ও ভূমিধ্বস, পার্কের হাইক করার ট্রেইল, রাস্তা, ব্রিজ, এবং কালভার্টগুলিতে উল্লেখযোগ্য ভেসে যাওয়ার ঘটনা। এছাড়াও পার্কের রক্ষণাবেক্ষণ গ্যারেজ, কাঠমিস্ত্রি এবং প্লাম্বিং দোকানে উল্লেখযোগ্য ক্ষতির সমাধান করতেও মেরামত প্রয়োজন।

নিউ ইয়র্ক স্টেট সাধারণ সেবা অফিসের (New York State Office of General Services, OGS) সহায়তায় ঠিকাদারেরা সর্বাধিক জটিল ক্ষতি সাড়াতে অবিরাম কাজ করে যাচ্ছে। উল্লেখযোগ্যভাবে, পানি পরিশোধনাগার মেরামত ব্যতীত পার্কটি পুনরায় খুলে দেওয়া সম্ভব হয়নি, যার জন্য ঝড়ের সময় বন্যায় আক্রান্ত প্ল্যান্টটির ডুবে যাওয়া অংশ প্রতিস্থাপনের প্রয়োজন ছিলো।

স্টেট পার্কসের (State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "বিয়ার মাউন্টেন অবকাঠামোর এইসব মুখ্য স্বাস্থ্য ও নিরাপত্তা মেরামতকে দ্রুত করার জন্য গভর্নর হোকল, OGS এবং পরিবহন বিভাগ (Department of Transportation, DOT) তে আমাদের অংশীদারগণ এবং আমাদের নিবেদিত কর্মীদের প্রতি আমি কৃতজ্ঞ। প্রতি বছর দুই মিলিয়নের অনেক বেশি বেড়াতে আসা মানুষ নিয়ে, বিয়ার মাউন্টেন স্বাস্থ্যকর বিশ্রাম ও বিনোদনের জন্য এই অঞ্চলের মানুষের একটি অত্যাবশ্যকীয় গন্তব্য। শ্রম দিবস সপ্তাহান্তে এবং তার পরেও মানুষকে বেড়াতে আসার জন্য পুনরায় স্বাগত জানাতে পেরে আমি খুশি।"

প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশনের (Palisades Interstate Park Commission, PIPC) নির্বাহী পরিচালক জশুয়া ল্যাইর্ড বলেন, "বিয়ার মাউন্টেন স্টেট পার্ক পুনরায় খুলে দিতে আমাদেরকে সাহায্য করার জন্য গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট পার্কস, এবং আমাদের

অন্যান্য এজেন্সি অংশীদারের উল্লেখযোগ্য প্রয়াসের কারণে আমরা কৃতজ্ঞ। গ্রীষ্মকালের সেরা সময়ে পার্কটি বন্ধ থাকা আমাদের সকলের জন্য পীড়াদায়ক ছিলো, তাই আমরা জনগণকে পুনরায় স্বাগত জানাতে পেরে এবং বিনোদন ও মজার জন্য ঐতিহাসিক এই গন্তব্যে সক্রিয়তা দেখতে পেরে আনন্দিত।"

স্টেটের সিনেটর বিল ওয়েবার বলেন, "শ্রম দিবসের সপ্তাহান্তকে সামনে রেখে এবং এর পরেও সকলের উপভোগের জন্য সুন্দর এই পার্কটি পুনরায় খুলে দেওয়ার জন্য আমি সকলকে তাদের পরিশ্রমের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য কেনেথ জেব্রোস্কি বলেন, "আমরা শ্রম দিবসের সপ্তাহান্তে প্রবেশ করতে যাচ্ছি, এই সময়, গ্রীষ্মের ঝড়ের প্রকোপের পর এতো দ্রুত বিয়ার মাউন্টেন স্টেট পার্ক পুনরায় খুলতে দেখে আমি আনন্দিত। পার্কটি পুরো হাডসন ভ্যালির মানুষের জন্য একটি গুরুত্বপূর্ণ বিনোদনমূলক এলাকা, এবং আজকে এটি পুনরায় খুলে দেওয়ার ফলে এই সপ্তাহান্তে আরো বেশি মানুষ বাইরে গিয়ে আউটডোর উপভোগ করতে পারবে।"

প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশনের (PIPC), একটি অংশ, বিয়ার মাউন্টেন স্টেট পার্কটি হাডসন নদীর পশ্চিম তীরে অবস্থিত রুক্ষ পাহাড়ে অবস্থিত। পার্কে রয়েছে একটি বড় মাঠ, ছায়াযুক্ত পিকনিক করার স্থান, লেক এবং নদীতে মাছ ধরার ব্যবস্থা, একটি সুইমিং পুল, ট্রেইলসাইড জাদুঘর এবং চিড়িয়াখানা, হাইক করার, বাইক চালানোর এবং ক্রস কান্ট্রি স্কি করার ট্রেইল। অক্টোবরের শেষ থেকে মার্চের মাঝামাঝি পর্যন্ত আইস স্কেটারদের জন্য একটি আউটডোর রিঙ্ক খোলা থাকে। বিয়ার মাউন্টেনের চূড়ায় পার্কিন্স মেমোরিয়াল টাওয়ার থেকে পার্ক, হাডসন হাইল্যান্ড এবং হ্যারিম্যান স্টেট পার্কের চমৎকার দৃশ্য দেখা যায়। আবহাওয়া ভালো থাকলে, এপ্রিল থেকে নভেম্বরের শেষ পর্যন্ত পার্কিন্স মেমোরিয়াল ড্রাইভ এবং টাওয়ার খোলা থাকে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যেসব স্থানে 2022 সালে 79.5 মিলিয়ন মানুষ বেড়াতে এসেছে। এইসব বিনোদন এলাকার যেকোনোটির ব্যাপারে আরো তথ্যের জন্য parks.ny.govভিজিট করুন, বিনামূল্যে NY স্টেট পার্ক এক্সপ্লোরার অ্যাপটি ডাউনলোড করুন, বা 518.474.0456 নম্বরে ফোন করুন। 2024 সালজুড়ে আমাদের শতবর্ষ উদযাপনে আমাদের সাথে যোগ দিন এবং ফেসবুক, ইনস্টাগ্রাম, এবং টুইটার, এবং OPRHP ব্লগের মাধ্যমে আমাদের সাথে যুক্ত হন।

প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশন সম্পর্কে

1900 সালে প্রতিষ্ঠিত প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশন হলো প্রাকৃতিক ভূমি সুরক্ষা ও সংরক্ষণের জন্য প্রতিষ্ঠিত দেশের প্রথম দ্বি-স্টেট সত্তা। বর্তমানে এটি নিউ ইয়র্ক এবং নর্দার্ন নিউ জার্সির 125,000 একরের বেশি জায়গাজুড়ে অবস্থিত 21টি পার্ক এবং 9টি ঐতিহাসিক সাইট ব্যবস্থাপনা করে। PIPC এর প্রথম দিকের কাজ পরিবেশ সংক্রান্ত রক্ষণাবেক্ষণ এবং শিক্ষার উদীয়মান ক্ষেত্রকে অনুপ্রাণিত করেছে, এর গ্রুপ ক্যাম্পগ্রাউন্ডের মাধ্যমে শিশুদের প্রকৃতির সংস্পর্শে আনার লক্ষ্যের পথিকৃৎ হয়েছে, এবং জাতীয় পার্ক ব্যবস্থার শুরুর দিকের বিকাশের

জন্য একটি আদর্শ হিসেবে কাজ করেছে। কমিশনের ম্যাপল এবং ওক পাতার লোগোটি নিউ ইয়র্ক এবং নিউ জার্সির আনুষ্ঠানিক স্টেট গাছের প্রতিনিধি।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418